# পলাশবাড়ী পৌরসভা কার্যালয়

## উপজেলাঃ পলাশবাড়ী, জেলাঃ গাইবান্ধা।

E-mail: palashbari.poura@gmail.com
Website: palashbari-pourashava.com

স্মারক নংঃ- ৪৬.০২.০০৬০.০০১.০০.০০৬.২৫-১২৬

তারিখঃ- ১২ই ফেব্রুয়ারি-২০২৫
২৯শে মাঘ-১৪৩১

### পলাশবাড়ী পৌরসভাধীন হাট-বাজার ও পাবলিক টয়লেট ইজারা বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, পলাশবাড়ী পৌরসভাধীন নিম্নবর্ণিত “কালীবাড়ী হাট-বাজার, কলাহাটি ও পলাশবাড়ী পৌর পাবলিক টয়লেট” আগামী ১৪৩২ বাংলা সনের জন্য ১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদে নিম্নলিখিত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্তে প্রকৃত ইজারা ব্যবসায়ীদের নিকট হইতে নিম্নোক্ত “ছক” মোতাবেক সিলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

**(ক) ইজারাযোগ্য হাট-বাজারসমূহঃ** **তফসিল-ক**

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | সরকারি ইজারা মূল্য | সিডিউল মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|
| ০১ | কালীবাড়ী হাট-বাজার ও কলাহাটি | ১,০৭,৭৪,৩৭০/- | ২২,২০০/- |

**(খ) ইজারাযোগ্য পাবলিক টয়লেটঃ**

| ক্রমিক নং | পাবলিক টয়লেট-এর নাম | সরকারি ইজারা মূল্য | সিডিউল মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|
| ০১ | পলাশবাড়ী পৌর পাবলিক টয়লেট | ১,০০,০০০/- | ৫০০/- |

**দরপত্র বিক্রয় ও দাখিলের স্থান এবং সময়সূচিঃ** **তফসিল-খ**

| বিবরণ | দরপত্র বিক্রির শুরু ও শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বিক্রয়ের স্থান | দরপত্র দাখিলের স্থান | দরপত্র বাক্স খোলার তারিখ ও স্থান |
|---|---|---|---|---|---|
| প্রথমবার | ১৩/০২/২০২৫ইং হতে ২৩/০২/২০২৫ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৪/০২/২০২৫ইং বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত | ১। জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা (স্থানীয় সরকার শাখা),<br>২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পলাশবাড়ী, গাইবান্ধা,<br>৩। পলাশবাড়ী পৌরসভা কার্যালয়, পলাশবাড়ী পৌরসভা, গাইবান্ধা। | ১। জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা (স্থানীয় সরকার শাখা),<br>২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পলাশবাড়ী, গাইবান্ধা,<br>৩। পলাশবাড়ী পৌরসভা কার্যালয়, পলাশবাড়ী পৌরসভা, গাইবান্ধা। | ২৪/০২/২০২৫ইং বেলা ০২.৩০ ঘটিকা পলাশবাড়ী পৌরসভা কার্যালয়, |
| দ্বিতীয়বার | ২৭/০২/২০২৫ইং হতে ০৯/০৩/২০২৫ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১০/০৩/২০২৫ইং বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত | | | ১০/০৩/২০২৫ইং বেলা ০২.৩০ ঘটিকা পলাশবাড়ী পৌরসভা কার্যালয়, |
| তৃতীয়বার | ১৩/০৩/২০২৫ইং হতে ২৩/০৩/২০২৫ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৪/০৩/২০২৫ইং বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত | | | ২৪/০৩/২০২৫ইং বেলা ০২.৩০ ঘটিকা পলাশবাড়ী পৌরসভা কার্যালয়, |

**শর্তাবলীঃ-**

১। বাংলা ১৪৩২ সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাটবাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্র সমূহ জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা (স্থানীয় সরকার শাখা), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পলাশবাড়ী এবং পলাশবাড়ী পৌরসভা কার্যালয়, পলাশবাড়ী হতে নির্ধারিত অফেরৎযোগ্য মূল্যে তফশীল (৩নং কলামে) বর্ণিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দরপত্র ফরম (সিডিউল) সংগ্রহ/ক্রয় করা যাবে। বর্ণিত ৬নং কলামে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় পলাশবাড়ী ও পলাশবাড়ী পৌরসভা কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত দরপত্রসমূহ গ্রহণকরা হবে এবং ঐ দিনই বেলা ০২.৩০ ঘটিকায় পলাশবাড়ী পৌরসভা কার্যালয়ে উপস্থিত দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে ।

৩। প্রথমবার যদি ধার্যকৃত কাঙ্খিত সরকারি (তফশীল-ক ৩নং কলামে বর্ণিত) ইজারা মূল্যের কোন দরপত্র কিংবা নীতিমালা অনুযায়ী কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া যায়, তাহলে তফশীল-খ ২নং ও ৩নং কলামে বর্ণিত ২য় ও ৩য় বারের ধার্যকৃত তারিখসমূহের পর্যায়ক্রমে বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখ, স্থান ও সময়সূচি অনুযায়ী দরপত্র বিক্রয় ও গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে ।

৪। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের কমপক্ষে ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে প্রশাসক, পলাশবাড়ী পৌরসভা, গাইবান্ধা এর অনুকূলে জমা দিতে হবে । দরপত্র দাতার জাতীয় পরিচিপত্র-০১কপি ও পাসপোর্ট সাইজের ছবি-০১কপি সঙ্গে সংযোজন করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে । ইজারা গ্রহীতা নিয়মিত হাটবাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে । বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর ফেরত প্রদান করা হবে ।

৫। যার দরপত্র গৃহিত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সংঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে ।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে জাতীয় পরিচয় পত্র সংযুক্ত করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে এবং দৃশ্যমান স্থানে টোলচার্ট টাঙ্গাতে হবে।

৮। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেনা । অন্যথায় বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেখে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

( মোঃ আল-ইয়াসা রহমান তাপাদার )
প্রশাসক
পলাশবাড়ী পৌরসভা, গাইবান্ধা।

**স্মারক নংঃ- ৪৬.০২.৩২৬৭.০০১.০০.০০৬.২৫-১২৬/১(১২)** **তারিখঃ- ১২/০২/২০২৫ইং**

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর।
৩। জেলা প্রশাসক, গাইবান্ধা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী,গাইবান্ধা।
৫। প্রশাসকের কর্মসম্পাদনের সহায়তা প্রদানের সদস্য(সকল) পলাশবাড়ী পৌরসভা, গাইবান্ধা।
৬। পৌর নির্বাহী কর্মকর্তা, পলাশবাড়ী পৌরসভা, পলাশবাড়ী গাইবান্ধা।
৭। সহকারী প্রকৌশলী, পলাশবাড়ী পৌরসভা, গাইবান্ধা।
৮। জনাব--------------------------------------------------ইজারাদার, পলাশবাড়ী গাইবান্ধা।
৯। বিজ্ঞাপন ম্যানেজার ............................................................., ঢাকা ৪ কলামে ৮ ইঞ্চি সাইজের মধ্যে ভিতরের পাতায় একদিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১০। বিজ্ঞাপন ম্যানেজার ......................................................, গাইবান্ধা ৪ কলামে ৮ ইঞ্চি সাইজের মধ্যে ভিতরের পাতায় একদিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১১। আইটি-শাখা, দরপত্র বিজ্ঞপ্তিটি পলাশবাড়ী পৌরসভার নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক জনাব মোঃ মেহেদি হাসান কে ওয়েব সাইট এ আপলোড করার জন্য বলা হলো।
১২। অফিস নথি।

**প্রশাসক**
**পলাশবাড়ী পৌরসভা, গাইবান্ধা।**